

অধ্যায় ৩ চার প্রক্রিয়া সম্পর্কিত সমস্যাবলি



■ অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

১. হিসাব কর :

$$(১) (৪২ - ১৫) \div ৯ + ২$$

$$(২) ৫০০ - (১২৫ \times ৩ + ১৮ \times ৬)$$

$$(৩) \{(৮ \times ৮ - ৭ \times ৯) \times ৪০ - ৬\} \div ১৭$$

$$(৪) ১৫ - \{(৫৬ + ৩৯) \div ১৯ + ৮\}$$

$$(৫) \{[৪ \times (২৮ \div ৭ + ১) - ৩] - \{(৫ \times ৭ - ২৯) \div ৩\}\} \div ৩$$

সমাধান :

$$(১) (৪২ - ১৫) \div ৯ + ২$$

$$(২) ৫০০ - (১২৫ \times ৩ + ১৮ \times ৬)$$

$$= ২৭ \div ৯ + ২$$

$$= ৫০০ - (৩৭৫ + ১০৮)$$

$$= ৩ + ২$$

$$= ৫০০ - ৪৮৩$$

$$= ৫$$

$$= ১৭$$

উত্তর : ৫।

উত্তর : ১৭।

$$(৩) \{(৮ \times ৮ - ৭ \times ৯) \times ৪০ - ৬\} \div ১৭$$

$$(৪) ১৫ - \{(৫৬ + ৩৯) \div ১৯ + ৮\}$$

$$= \{(৬৪ - ৬৩) \times ৪০ - ৬\} \div ১৭$$

$$= ১৫ - \{৯৫ \div ১৯ + ৮\}$$

$$= \{১ \times ৪০ - ৬\} \div ১৭$$

$$= ১৫ - \{৫ + ৮\}$$

$$= \{৪০ - ৬\} \div ১৭$$

$$= ১৫ - ১৩$$

$$= ৩৪ \div ১৭$$

$$= ২$$

$$= ২$$

উত্তর : ২।

উত্তর : ২।

$$(৫) \{[৪ \times (২৮ \div ৭ + ১) - ৩] - \{(৫ \times ৭ - ২৯) \div ৩\}\} \div ৩$$

$$= \{[৪ \times (৪ + ১) - ৩] - \{(৩৫ - ২৯) \div ৩\}\} \div ৩$$

$$= \{[৪ \times ৫ - ৩] - \{৬ \div ৩\}\} \div ৩$$

$$= \{[২০ - ৩] - ২\} \div ৩$$

$$= [১৭ - ২] \div ৩$$

$$= ১৫ \div ৩$$

$$= ৫$$

উত্তর : ৫।

২. ১২টি পেরট এবং ২০টি কাপের মূল্য একত্রে ৩৯২০ টাকা। একটি কাপের মূল্য ১৪৫ টাকা। একটি পেরটের মূল্য কত?

সমাধান :

$$\{৩৯২০ - (১৪৫ \times ২০)\} \div ১২$$

$$= \{৩৯২০ - ২৯০০\} \div ১২$$

$$= ১০২০ \div ১২$$

$$= ৮৫$$

উত্তর : ৮৫ টাকা।

বিকল্প পদ্ধতি :

১টি কাপের মূল্য : ১৪৫ টাকা

২০টি কাপের মূল্য : (১৪৫ × ২০) টাকা = ২৯০০ টাকা

১২টি পেরটের মূল্য : (৩৯২০ - ২৯০০) টাকা = ১০২০ টাকা

১টি পেরটের মূল্য : (১০২০ ÷ ১২) টাকা = ৮৫ টাকা।

৩. একটি মুদি দোকানে একটি খাতা ১৮ টাকায়, একটি পেনসিল ৮ টাকায় এবং একটি জ্যামিতিক ত্রিকোণি ২৫ টাকায় বিক্রি হয়। আমরা ৪টি খাতা, ৮টি পেনসিল এবং ২টি জ্যামিতিক ত্রিকোণি কেনার সময় ৫০০ টাকা দিলে কত টাকা ফেরত পাব?

$$\text{সমাধান : } ৫০০ - (১৮ \times ৪ + ৮ \times ৮ + ২৫ \times ২)$$

$$= ৫০০ - (৭২ + ৬৪ + ৫০)$$

$$= ৫০০ - ১৮৬$$

$$= ৩১৪$$

৪. জাহিদুল হাসান বাজার থেকে ৪০ কেজি চাল, ২৬৫ টাকার সয়াবিন তেল এবং ৫৮৮ টাকার মাছ কিনলেন। প্রতি কেজি চালের মূল্য ৩৮ টাকা। তিনি দোকানদারকে ৩০০০ টাকা দিলেন। দোকানদার তাকে কত টাকা ফেরত দেবেন?

$$\text{সমাধান : } ৩০০০ - \{(৪০ \times ৩৮) + ২৬৫ + ৫৮৮\}$$

$$= ৩০০০ - \{১৫২০ + ২৬৫ + ৫৮৮\}$$

$$= ৩০০০ - ২৩৭৩$$

- = ৬২৭
উত্তর : ৬২৭ টাকা।
৫. ২টি গরব এবং ৩টি ছাগলের মূল্য একত্রে ৪৫০৮০ টাকা। একটি ছাগলের মূল্য ৪৫৬০ টাকা। একটি গরবের মূল্য কত? সমাধান : $\{৪৫০৮০ - (৪৫৬০ \times ৩)\} \div ২$
= $\{৪৫০৮০ - ১৩৬৮০\} \div ২$
= $৩১৪০০ \div ২$
= ১৫৭০০

- উত্তর : ১৫৭০০ টাকা।
৬. তারিক, জসিম এবং হালিম একটি ফলের দোকানে গেল। তারা নিচের চিত্র অনুযায়ী ৬টি কলা, ৩টি কমলা ও ৯টি আম কিনল এবং মোট মূল্য ৩ জনে সমানভাবে ভাগ করে দিল। প্রত্যেকে কত টাকা করে দিল?



- সমাধান : $(১০ \times ৬ + ১২ \times ৩ + ২৫ \times ৯) \div ৩$
= $(৬০ + ৩৬ + ২২৫) \div ৩$
= $৩২১ \div ৩$
= ১০৭

- উত্তর : ১০৭ টাকা।
৭. জালাল সাহেবের মাসিক বেতন ৮৭৬৫ টাকা। প্রতি মাসে তিনি ৩২২৫ টাকা বাড়িভাড়া এবং ৪৮৫০ টাকা অন্যান্য জিনিস ক্রয়ে খরচ করেন। অবশিষ্ট টাকা তিনি ব্যাংকে জমা রাখেন। তিনি ৮ মাসে কত টাকা জমা করেন? সমাধান : $\{৮৭৬৫ - (৩২২৫ + ৪৮৫০)\} \times ৮$
= $\{৮৭৬৫ - ৮০৭৫\} \times ৮$
= $৬৯০ \times ৮ = ৫৫২০$


- উত্তর : ৫৫২০ টাকা।
৮. ফরিদা এবং ফাতেমার বেতন একত্রে ১৯৯৫০ টাকা। ফরিদা অপেরা ফাতেমা ২৪৫০ টাকা বেশি পায়। ফরিদা এবং ফাতেমা প্রত্যেকের বেতন কত? সমাধান : ফরিদার বেতন $(১৯৯৫০ - ২৪৫০)$ এর অর্ধেক টাকা প্রশ্নানুযায়ী, $(১৯৯৫০ - ২৪৫০) \div ২$
= $১৭৫০০ \div ২ = ৮৭৫০$ টাকা
ফরিদা অপেরা ফাতেমা ২৪৫০ টাকা বেশি পায়। অতএব, ফাতেমার বেতন $(৮৭৫০ + ২৪৫০)$ টাকা
= ১১২০০ টাকা

- উত্তর : ফরিদার বেতন ৮৭৫০ টাকা, ফাতেমার বেতন ১১২০০ টাকা।

৯. রাজু এবং রনির একত্রে ৬৯০টি লিচু আছে। রাজু অপেরা রনির ৮৬টি লিচু কম আছে। রাজু এবং রনি প্রত্যেকের কতটি করে লিচু আছে?

- সমাধান : রাজুর আছে $(৬৯০ + ৮৬)$ এর অর্ধেকটি প্রশ্নানুযায়ী, $(৬৯০ + ৮৬) \div ২$
= $৭৭৬ \div ২ = ৩৮৮$ টি
রাজু অপেরা রনির ৮৬টি লিচু কম আছে অতএব, রনির লিচু আছে $(৩৮৮ - ৮৬) = ৩০২$ টি
উত্তর : রাজুর লিচু ৩৮৮টি, রনির লিচু ৩০২টি।

১০. মা এবং পুত্রের বয়সের সমষ্টি ৬০ বছর। মায়ের বয়স পুত্রের বয়সের ৩ গুণ। তাদের প্রত্যেকের বয়স কত? সমাধান :



- পুত্র মা
মায়ের বয়স পুত্রের বয়সের ৩ গুণ
মা ও পুত্রের বয়সের সমষ্টি = পুত্রের বয়সের ৪ গুণ (চিত্র অনুযায়ী)

- পুত্রের বয়স $৬০ \div ৪ = ১৫$ বছর
মায়ের বয়স $১৫ \times ৩ = ৪৫$ বছর
উত্তর : মায়ের বয়স ৪৫ বছর, পুত্রের বয়স ১৫ বছর।

১১. ভাজক ৭৮, ভাগফল ২৫ এবং ভাগশেষ হলো ভাজকের এক তৃতীয়াংশ। ভাজ্য কত?

- সমাধান : দেওয়া আছে, ভাজক ৭৮ আবার ভাগশেষ হলো ভাজকের এক তৃতীয়াংশ
ভাগশেষ = $(৭৮ \div ৩) = ২৬$
ভাগফল = ২৫
আমরা জানি, ভাজ্য = ভাজক \times ভাগফল + ভাগশেষ
= $৭৮ \times ২৫ + ২৬$
= $১৯৫০ + ২৬ = ১৯৭৬$

- উত্তর : ভাজ্য ১৯৭৬।
১২. ভাজ্য ৮৯০৩, ভাজক ৮৭ এবং ভাগশেষ ২৯। ভাগফল কত?

- সমাধান : দেওয়া আছে, ভাজ্য = ৮৯০৩
ভাজক = ৮৭
ভাগশেষ = ২৯
ভাগফল = ?
আমরা জানি, ভাগফল = $(ভাজ্য - ভাগশেষ) \div ভাজক$
= $(৮৯০৩ - ২৯) \div ৮৭$
= $৮৮৭৪ \div ৮৭ = ১০২$

- উত্তর : ভাগফল ১০২।
১৩. একটি কারখানায় ৭ দিনে ২৫২০টি সাইকেল তৈরি হয়। ওই কারখানায় ৩ সপ্তাহে কতটি সাইকেল তৈরি হবে?

- সমাধান : ১ সপ্তাহ = ৭ দিন
৩ সপ্তাহ = (৭×৩) দিন = ২১ দিন

- ৭ দিনে সাইকেল তৈরি হয় : ২৫২০ টি
 ১ দিনে সাইকেল তৈরি হয় : $(২৫২০ \div ৭)$ টি = ৩৬০ টি
 ২১ দিনে সাইকেল তৈরি হয় : (৩৬০×২১) টি
 = ৭৫৬০ টি
 উত্তর : ৭৫৬০ টি।
১৪. আয়েশা ৭২ টাকা দিয়ে ৩টি খাতা কিনল। ১২টি খাতা কিনতে তার কত টাকা লাগবে?
 সমাধান :
 ৩টি খাতার দাম : ৭২ টাকা
 ১টি খাতার দাম : $(৭২ \div ৩)$ টাকা = ২৪ টাকা
 ১২টি খাতার দাম : (২৪×১২) টাকা = ২৮৮ টাকা
 উত্তর : ২৮৮ টাকা।
১৫. যদি ৮ কেজি পোলাওয়ার চালের মূল্য ৯৬০ টাকা হয়, তাহলে ৪৮০০ টাকা দিয়ে কত কেজি চাল কেনা যাবে?

- সমাধান :
 ৮ কেজি চালের দাম : ৯৬০ টাকা
 ১ কেজি চালের দাম : $(৯৬০ \div ৮)$ টাকা বা ১২০ টাকা
 ৪৮০০ টাকায় চাল পাওয়া যাবে : $(৪৮০০ \div ১২০)$ কেজি
 = ৪০ কেজি।
 উত্তর : ৪০ কেজি।
১৬. একটি মোটরসাইকেল ১২ লিটার পেট্রোল দিয়ে ৩০০ কিমি যেতে পারে। ১০০ কিমি যাওয়ার জন্য কত লিটার পেট্রোল লাগবে?
 সমাধান :
 ১২ লিটার পেট্রোলে যায় : ৩০০ কিমি
 ১ লিটার পেট্রোলে যায় : $(৩০০ \div ১২)$ কিমি = ২৫ কিমি
 ১০০ কিমি যেতে পেট্রোল লাগবে : $(১০০ \div ২৫)$ লিটার
 = ৪ লিটার
 উত্তর : ৪ লিটার।

■ বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

☛ যোগ্যতাভিত্তিক :

- ১। একজন শ্রমিক সপ্তাহে ১৫৪০ টাকা আয় করেন। ১০ দিনে তিনি কত টাকা আয় করবেন?
 (ক) ২২০০✓ (খ) ২১০০ (গ) ২০২০ (ঘ) ২০০০
- ২। একটি ঝুড়িতে ১৬৮টি আম আছে। এর প ১৫টি ঝুড়িতে কতটি আম আছে?
 (ক) ৫২২০ (খ) ২৫২০✓ (গ) ২২৫০ (ঘ) ২০৫০
- ৩। হামিদা বেগম প্রতি মাসে বাড়িভাড়া দেন ৩৫০০ টাকা। তিনি বছরে কত টাকা বাড়িভাড়া দেন?
 (ক) ৪২০ টাকা (খ) ৪২০০ টাকা
 (গ) ২৪০০০ টাকা (ঘ) ৪২০০০ টাকা✓
- ৪। দুইটি সংখ্যার গুণফল ৮। একটি সংখ্যা ২ হলে, অপরটি কত?
 (ক) ৪✓ (খ) ৬ (গ) ১৬ (ঘ) ১০
- ৫। ৬ ডজন ডিমের দাম ৪৩২ টাকা হলে, ১টি ডিমের দাম কত?
 (ক) ৬ টাকা✓ (খ) ৮ টাকা
 (গ) ৯ টাকা (ঘ) ১০ টাকা
- ৬। ১০টি পেয়ারার দাম ১০০ টাকা হলে, ৬টি পেয়ারার দাম কত?
 (ক) ১০ টাকা (খ) ৩০ টাকা
 (গ) ৬০ টাকা✓ (ঘ) ১০০ টাকা
- ৭। ১২ টাকায় ৬টি লিচু পাওয়া গেলে, ৪ টাকায় কয়টি লেবু পাওয়া যাবে?
 (ক) ৫টি (খ) ৪টি (গ) ৩টি (ঘ) ২টি✓
- ৮। ৫টি আমের দাম ৩৫ টাকা হলে, ১টির দাম কত?
 (ক) ৩ টাকা (খ) ৭ টাকা✓ (গ) ১৫ টাকা (ঘ) ১৭৫ টাকা
- ৯। ৩টি খাতার দাম ২৪ টাকা হলে, ৫টি খাতার দাম কত?
 (ক) ৩০ টাকা (খ) ৩৫ টাকা (গ) ৪০ টাকা✓ (ঘ) ৪৫ টাকা
- ১০। দুইটি সংখ্যার যোগফল ৮৭২৩, এদের মধ্যে বৃহত্তম সংখ্যাটি ৬১৯৮ হলে, ক্ষুদ্রতম সংখ্যাটি কত?
 (ক) ২৬২৫ (খ) ২৫২৫✓ (গ) ২৭২৫ (ঘ) ২১২৫
- ১১। পিতা ও কন্যার বয়সের সমষ্টি ৮০ বছর। কন্যার বয়স ১৬ বছর হলে, পিতার বয়স কত?

- (ক) ৬৪✓ (খ) ৬০ (গ) ৫৪ (ঘ) ৫০
- ১২। $৯৮ \square ২৯ - ৯৮৫৮ = ৮৮৮৭১$; ফাঁকা ঘরে কোনটি হবে?
 (ক) ১২ (খ) ১৭ (গ) ২ (ঘ) ৭✓
- ১৩। $২৪৮৩১ - \square ৫৮৩ = ১৮২৪ \square$; ফাঁকা ঘর দুইটিতে কোন কোন অঙ্ক বসবে?
 (ক) ৬, ৪ (খ) ৮, ৬ (গ) ৫, ৮ (ঘ) ৬, ৮✓
- ১৪। ৫টি আমের মূল্য ৭০ টাকা হলে, ১টি আমের মূল্য কত টাকা?
 (ক) ১৫ (খ) ১৬ (গ) ১৪✓ (ঘ) ১৭
- ১৫। ৮টি খাতার দাম ১২৮ টাকা হলে, ২৩০৪ টাকায় কয়টি খাতা পাওয়া যাবে?
 [নওগাঁ জিলা স্কুল]
 (ক) ১৪০ (খ) ১৫৪ (গ) ১৫০ (ঘ) ১৪৪✓
- ১৬। ৬ জন লোক ২১ দিনে কোনো একটি কাজ সম্পন্ন করতে পারে। ৭ দিনে সম্পন্ন করতে চাইলে অতিরিক্ত আর কতজন লাগবে?
 (ক) ৬ জন (খ) ১২ জন✓ (গ) ১৮ জন (ঘ) ২৬ জন
- ১৭। ৩টি ঝুড়িতে রয়েছে ৪৮টি আপেল। ১টি ঝুড়িতে কয়টি রয়েছে?
 (ক) ১৫টি (খ) ১৬টি✓ (গ) ১৪টি (ঘ) ১৩টি
- ১৮। ৩৬ জন লোকের যে খাদ্যে ২৫ দিন চলে, ৪৫ জন লোকের ঐ খাদ্যে কত দিন চলবে?
 (ক) ১৫ দিন (খ) ১৮ দিন (গ) ১৯ দিন (ঘ) ২০ দিন✓
- ১৯। রহমত আলী প্রতি মাসে ১৪০০ টাকা জমা করেন। বছর শেষে তার সঞ্চয় কত টাকা হবে?
 (ক) ১৬৮০০✓ (খ) ১৬৪০০
 (গ) ১৫৮০০ (ঘ) ১৫৪০০
- ২০। জুলাই মাসে কোনো শ্রমিক ৬০৪৫ টাকা আয় করলে, তার সাপ্তাহিক আয়ের পরিমাণ কত টাকা?
 (ক) ১৪৬৫ (খ) ১২৬৫ (গ) ১৩৬৫✓ (ঘ) ১৫৬৫
- ২১। ২০ জন লোক কোনো কাজ ১৫ দিনে করে। ১৫ জন লোক ঐ কাজ কত দিনে করতে পারবে?
 (ক) ১৫ (খ) ২২ (গ) ১৭ (ঘ) ২০✓

- ২২। ১০০টি লিচুর দাম ৩০০ টাকা হলে, ২৫টি লিচুর দাম কত?
(ক) ৭০ টাকা (খ) ৭৫ টাকা (গ) ৮০ টাকা (ঘ) ৮৫ টাকা
- ২৩। ৭টি চেয়ার ও ৩টি টেবিলের মূল্য একত্রে ৮৬৭০ টাকা। একটি টেবিলের মূল্য ৯৬৫ টাকা হলে, একটি চেয়ারের মূল্য কত টাকা? [মনিপুর উচ্চ বিদ্যালয়, ঢাকা]
(ক) ৮২৫ (খ) ৯২৫ (গ) ৮৭৫ (ঘ) ৯৭৫
- ২৪। জুলাই মাসে কোনো শ্রমিক ৬২০০ টাকা আয় করলে, তার দশদিনের আয়ের পরিমাণ কত টাকা?
(ক) ১৮০০ (খ) ১৯০০ (গ) ১৯৫০ (ঘ) ২০০০
- ২৫। পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৭৫ বছর। পিতার বয়স পুত্রের বয়সের ৪ গুণ হলে, পিতার বয়স কত?
(ক) ৬০ বছর (খ) ৫০ বছর (গ) ৫৫ বছর (ঘ) ৪৫ বছর
- ২৬। মমিন ও আমিনের মাসিক বেতন একত্রে ৮৭৮৫ টাকা। মমিনের বেতন আমিনের অপেক্ষা ৩৫৭ টাকা বেশি হলে আমিনের বেতন কত টাকা?
(ক) ৪৩১৪ (খ) ৪২২৪ (গ) ৪২১৪ (ঘ) ৪৩২৪
- ২৭। ১৬ ডজন আমের মূল্য ৪২২৪ টাকা হলে, ১১টি আমের দাম কত টাকা?
(ক) ২৪২ (খ) ২৪১ (গ) ২৪৩ (ঘ) ২৪৭
- ২৮। $৪৫ \div ৫ \times ৮ - ৭১ =$ কত?
(ক) ০ (খ) ১ (গ) ২ (ঘ) ৩
- ২৯। ৯ ডজন পেঙ্গিলের দাম ১৬২০ টাকা। ঐরূপ ৫টি পেঙ্গিলের দাম কত? [বনানী বিদ্যানিকেতন স্কুল, ঢাকা]
(ক) ১৫ টাকা (খ) ৮০ টাকা (গ) ৭৫ টাকা (ঘ) ৭০ টাকা
- ৩০। একজন শ্রমিক সপ্তাহে ১৫৪৭ টাকা আয় করেন। ১০ দিনে কত টাকা আয় করবেন?
(ক) ২২১০ (খ) ২১০০ (গ) ২০২০ (ঘ) ২০০০
- ৩১। ১৩ হালি কলার দাম ৩৬৪ টাকা হলে ৫ হালি কলার দাম কত?
(ক) ১৪০ টাকা (খ) ১৬০ টাকা
(গ) ১৭০ টাকা (ঘ) ১৮০ টাকা
- ৩২। দুইটি সংখ্যার যোগফল ৭৮৪৩। একটি সংখ্যার ৪ গুণ ৪১৪৪ হলে, অপর সংখ্যাটি কত?
(ক) ৫৮০৭ (খ) ২৮০৭ (গ) ৬৮০৭ (ঘ) ২১০৭
- ৩৩। ৬, ৮, ৯, ৫, ০, ৪ অঙ্কগুলোর প্রত্যেকটি একবার ব্যবহার করে গঠিত হয় অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল কত?
(ক) ৫৮০৬৯৩ (খ) ৫৮০৭৫১
- (গ) ৫৮০৮৫১ (ঘ) ৫২০৬৫১
- ৩৪। $(৩৬ \div ৩) \times \{৪ \times (৫ + ৪ - ৮ + ১)\} =$ কত?
(ক) ৮৭ (খ) ৮৯ (গ) ৮১ (ঘ) ৯৬
- ৩৫। $৫ \times \{২৪ \div (১৮ - ১৫)\} =$ কত?
(ক) ৩০ (খ) ২০ (গ) ৪০ (ঘ) ১৫
- ৩৬। চার অঙ্কের বৃহত্তম সংখ্যার সাথে কত যোগ করলে যোগফল নয় লব হবে?
(ক) ৮৯০০১ (খ) ১ (গ) ৮৯০১ (ঘ) ৮৯০০০১
- ৩৭। কোনো ভাগ অঙ্কের ভাজ্য ১৯৫০। ভাগফল ৭৮ হলে, ভাজক কত?
(ক) ২৪ (খ) ২৫ (গ) ২৬ (ঘ) ২৭
- ৩৮। ১টি পেনসিলের মূল্য ১৫ টাকা হলে, ৩ ডজন পেনসিলের মূল্য কত?
(ক) ১৮০ টাকা (খ) ৩৬০ টাকা
(গ) ৫৪০ টাকা (ঘ) ৭২০ টাকা
- ৩৯। দুইটি সংখ্যার গুণফল ৬১৪৪। একটি সংখ্যা ৫১২ হলে, অপর সংখ্যাটি কত?
(ক) ১২ (খ) ২৪ (গ) ৩৬ (ঘ) ৪৮
- ৪০। একজন শ্রমিক সপ্তাহে ৮৭৫ টাকা আয় করেন। ১ দিনে তিনি কত টাকা আয় করেন?
(ক) ১০৫ (খ) ১০৭ (গ) ১১৫ (ঘ) ১২৫
- ৪১। ৫ হালি ডিমের দাম ১২০ টাকা হলে, ১টি ডিমের দাম কত?
(ক) ৫ টাকা (খ) ৬ টাকা (গ) ৭ টাকা (ঘ) ৮ টাকা
- ৪২। ২ ডজন আমের দাম ৯৬ টাকা হলে, ১টি আমের দাম কত?
(ক) ৪ টাকা (খ) ৫ টাকা (গ) ৬ টাকা (ঘ) ৮ টাকা
- ৪৩। ৬টি খাতার দাম ৩২ টাকা। এর দ্বিগুণ সংখ্যক খাতা ক্রয় করতে কত টাকা প্রয়োজন?
(ক) ৯৬ টাকা (খ) ৮৬ টাকা (গ) ৭৪ টাকা (ঘ) ৬৪ টাকা
- ৪৪। ১টি কলমের দাম ১৩ টাকা হলে, ৪টি কলমের দাম কী করে সহজে নির্ণয় করা যায়?
(ক) যোগ করে (খ) বিয়োগ করে
(গ) গুণ করে (ঘ) ভাগ করে
- ৪৫। দুইটি সংখ্যার গুণফল ৮৯২৬২। একটি সংখ্যা ৩৪২ হলে, অপর সংখ্যা কোনটি?
(ক) ২৪১ (খ) ২৫১ (গ) ২৬১ (ঘ) ২৭১

■ সর্বিপ্ত প্রশ্ন ও উত্তর

➔ যোগ্যতাভিত্তিক :

- ১। ১ ডজন কলার দাম ১৫০ টাকা হলে ১ হালি কলার দাম কত?
উত্তর : ৫০ টাকা।
- ২। পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ও চার অঙ্কের বৃহত্তম সংখ্যার মধ্যে পার্থক্য কত?
উত্তর : ১।
- ৩। ১০টি কলমের দাম ৪০ টাকা। এরূপ ১৫টি কলমের দাম কত?

উত্তর : ৬০ টাকা।

- ৪। ১২ জন লোকের ১ সপ্তাহে ২৪ কেজি চাল লাগে। ২৪ জন লোকের ১ সপ্তাহে কত কেজি চাল লাগবে?
উত্তর : ৪৮।
- ৫। ৯টি আপেলের ওজন ৫৪ গ্রাম হলে, ১টি আপেলের ওজন কত?
উত্তর : ৬ গ্রাম।
- ৬। ১০০টি লিচুর দাম ৮০ টাকা হলে, ২৫টি লিচুর দাম কত?
উত্তর : ২০ টাকা।

- ৭। একজন শ্রমিকের সাপ্তাহিক আয় ৮৭৫ টাকা হলে, ১ দিনের আয় কত?
উত্তর : ১২৫ টাকা।
- ৮। ১টি খাতার দাম ৭ টাকা হলে, ২১ টাকায় কয়টি খাতা পাওয়া যাবে?
উত্তর : ৩টি।
- ৯। ১২টি কলমের দাম ১৪৪ টাকা হলে, ৯টি কলমের দাম কত?
উত্তর : ১০৮ টাকা।
- ১০। ৬টি ডিমের দাম ৩৬ টাকা হলে, ১টি ডিমের দাম কত?
উত্তর : ৬ টাকা।
- ১১। ৩ ডজন ডিমের দাম ২৮৮ টাকা হলে, ১টি ডিমের দাম কত?
উত্তর : ৮ টাকা।
- ১২। ১৪টি চেয়ারের মূল্য ১১২০০ টাকা হলে ১০টি চেয়ারের মূল্য কত টাকা?
উত্তর : ৮০০০ টাকা।
- ১৩। ৩৮ হালি কলার দাম ১২১৬ টাকা হলে, ৯৬০ টাকায় কয়টি কলা কেনা যাবে?
উত্তর : ১২০টি।
- ১৪। ৬ জন লোক ২১ দিনে কোনো একটি কাজ সম্পন্ন করতে পারে। ৭ দিনে সম্পন্ন করতে চাইলে অতিরিক্ত আর কতজন লাগবে?
উত্তর : ১২ জন।
- ১৫। ৬টি চেয়ার ও ৪টি টেবিলের মূল্য একত্রে ৯৫৭০ টাকা। একটি চেয়ারের মূল্য ৬৭৫ টাকা হলে, ১টি টেবিলের মূল্য কত?
উত্তর : ১৩৮০ টাকা।
- ১৬। রফিক ও শফিকের একত্রে ১২০০৮ টাকা আছে। রফিকের নিকট শফিকের অপেক্ষা ৩০০৮ টাকা বেশি আছে। রফিকের কত টাকা আছে?
উত্তর : ৭৫০৮ টাকা।
- ১৭। এক ব্যক্তির সাপ্তাহিক আয় ১৭৯২ টাকা হলে, আগস্ট মাসে তার আয় কত টাকা হবে?
উত্তর : ৭৯৩৬ টাকা।
- ১৮। ১০ জন লোক ৩ দিনে একটি জমির ফসল কাটতে পারে। ১ জন লোকের ঐ ফসল কাটতে কত দিন লাগবে?
উত্তর : ৩০ দিন।
- ১৯। একটি ছাত্রী বাসে ১৬ জন ছাত্রীর ২৫ দিনের খাদ্য আছে। কয়েকজন নতুন ছাত্রী আসায় ২০ দিনে খাদ্য শেষ হয়ে গেল। নতুন ছাত্রীর সংখ্যা কত?
উত্তর : ৪ জন।
- ২০। ১২টি বইয়ের মূল্য ৫৪৭২ টাকা হলে, এরূপ ২০টি বইয়ের মূল্য কত?
উত্তর : ৯১২০ টাকা।
- ২১। আকবর সাহেবের মাসিক বেতন ৮৭৬৫ টাকা। তিনি প্রতি মাসে সংসার ও বাড়িভাড়া বাবদ যথাক্রমে ৪৮৫০ টাকা ও ৩২২৫ টাকা খরচ করেন। বাকি টাকা সঞ্চয় করেন। প্রতি মাসে কত টাকা তিনি সঞ্চয় করেন?
উত্তর : ৬৯০ টাকা।
- ২২। বিয়োজন ৯৮৫২১৪ এবং বিয়োজ্য ৯৭৪৬৫ হলে, বিয়োগফল কত?
উত্তর : ৮৮৭৭৪৯।
- ২৩। কোনো ভাগ অঙ্কে ভাজক ৭৮, ভাগফল ২৫ এবং ভাগশেষ ৬৩, ভাজ্য কত?
উত্তর : ২০১৩।
- ২৪। ৮ ডজন খাতার দাম ২৪০০ টাকা হলে, ১টি খাতার দাম কত?
উত্তর : ২৫ টাকা।
- ২৫। ৩৮ হালি আমের দাম ১২১৬ টাকা। ১টি আমের দাম কত?
উত্তর : ৮ টাকা।
- ২৬। দুইটি সংখ্যার গুণফল ৭২। একটি সংখ্যার ৩ গুণ ৯ হলে, অপর সংখ্যাটি কত?
উত্তর : ২৪।
- ২৭। ১টি সংখ্যার ৪ গুণ ২৫৬ হলে, সংখ্যাটি কত?
উত্তর : ৬৪।
- ২৮। হাসান ও মারবফের একত্রে ৯৯০৫ টাকা আছে। মারবফের হাসান অপেক্ষা ৪৮৯ টাকা বেশি আছে। হাসানের কত টাকা আছে?
উত্তর : ৪৭০৮ টাকা।
- ২৯। ৬টি চেয়ারের মূল্য ৪০৫০ টাকা হলে, ১টি চেয়ারের মূল্য কত?
উত্তর : ৬৭৫ টাকা।
- ৩০। আমিন সাহেব প্রতি মাসে ৪২০ টাকা ব্যাংকে জমা রাখেন। তিনি ১ বছরে কত টাকা জমা রাখেন?
উত্তর : ৫০৪০ টাকা।
- ৩১। ৬ জন লোক ৩ দিনে একটি জমির ফসল কাটতে পারে। ১ জন লোকের ঐ ফসল কাটতে কত দিন লাগবে?
উত্তর : ১৮ দিন।

☞ সাধারণ :

- ৩২। গাণিতিক বাক্যে কোন বন্ধনীর কাজ প্রথমে করতে হয়?
উত্তর : প্রথম বন্ধনী।
- ৩৩। চার প্রক্রিয়া সংবলিত বন্ধনীহীন গাণিতিক বাক্যে কোন প্রক্রিয়ার কাজ পরে করতে হয়?
উত্তর : যোগ ও বিয়োগ।
- ৩৪। গাণিতিক বাক্যে শেষে কোন বন্ধনীর কাজ করতে হয়?
উত্তর : তৃতীয় বন্ধনী।
- ৩৫। ঐকিক নিয়ম কী?
উত্তর : একটির মান নির্ণয় করে গাণিতিক সমস্যা সমাধান করার প্রক্রিয়াকে ঐকিক নিয়ম বলে।
- ৩৬। চার প্রক্রিয়া সম্পর্কিত গাণিতিক বাক্যে কোন প্রক্রিয়ার কাজ প্রথমে করতে হয়?
উত্তর : ভাগ।

■ কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

☞ যোগ্যতাভিত্তিক :

প্রশ্ন ১। জাহিদুল হাসান বাজার থেকে ৩০ কেজি চাল, ২৬৫ টাকায় ৫ লিটার সয়াবিন তেল এবং কিছু টাকার মাছ কিনে

দোকানদারকে ৩০০০ টাকা দিলেন। প্রতি কেজি চালের দাম ২৮ টাকা এবং দোকানদার তাকে ৫৭২ টাকা ফেরত দিলেন।

- (ক) তিনি মোট কত টাকার চাল কিনলেন? ২
 (খ) ১ লিটার সয়াবিন তেলের দাম কত? ২
 (গ) তিনি মোট কত টাকা খরচ করলেন? ২
 (ঘ) তিনি কত টাকার মাছ কিনেছিলেন? ২

১ নং প্রশ্নের সমাধান

- (ক) ১ কেজি চালের দাম ২৮ টাকা
 ৩০ " " " (৩০ × ২৮) টাকা
 = ৮৪০ টাকা
 উত্তর : ৮৪০ টাকার চাল কিনলেন।
 (খ) ৫ লিটার সয়াবিন তেলের দাম ২৬৫ টাকা
 ১ " " " " $\frac{২৬৫}{৫}$ টাকা
 = ৫৩ টাকা
 উত্তর : ৫৩ টাকা।
 (গ) তিনি দোকানদারকে দিলেন ৩০০০ টাকা
 দোকানদার ফেরত দিলেন ৫৭২ টাকা
 তিনি খরচ করলেন মোট ২৪২৮ টাকা
 উত্তর : ২৪২৮ টাকা
 (ঘ) চাল কেনেন = ৮৪০ টাকা
 সয়াবিন তেল কেনেন = ২৬৫ টাকা
 চাল ও সয়াবিন তেল কেনেন = ১১০৫ টাকা
 খ থেকে পাই, মোট খরচ করেন ২৪২৮ টাকা
 \therefore মাছ কেনেন = (২৪২৮ - ১১০৫) টাকা
 = ১৩২৩ টাকা
 উত্তর : ১৩২৩ টাকা।

প্রশ্ন II ২ II ১২টি পেরট ও ২০টি কাপের মূল্য ৩৯২০ টাকা। একটি কাপের মূল্য ১৪৫ টাকা।

- (ক) ৭টি কাপের মূল্য কত? ২
 (খ) ১টি কাপের মূল্য যদি ১০ টাকা বৃদ্ধি পায়, তাহলে ২০টি কাপের মূল্য কত হবে? ২
 (গ) ১২টি পেরটের মূল্য কত? ২
 (ঘ) ১টি কাপ ও ২টি পেরটের মূল্যের পার্থক্য কত? ২

২ নং প্রশ্নের সমাধান

- (ক) ১টি কাপের মূল্য ১৪৫ টাকা
 ৭ " " " (১৪৫ × ৭) টাকা
 = ১০১৫ টাকা।
 উত্তর : ১০১৫ টাকা।
 (খ) ১০ টাকা বৃদ্ধিতে ১টি কাপের মূল্য (১৪৫ + ১০) বা ১৫৫ টাকা
 ১০ " " " ২০টি " " (১৫৫ × ২০) টাকা
 = ৩১০০ টাকা
 উত্তর : ৩১০০ টাকা।
 (গ) ১টি কাপের মূল্য ১৪৫ টাকা
 ২০ " " " (১৪৫ × ২০) টাকা
 = ২৯০০ টাকা

১২টি পেরট ও ২০টি কাপের মূল্য ৩৯২০ টাকা
 ২০ " " " ২৯০০ "

১২টি পেরটের মূল্য ১০২০ টাকা

উত্তর : ১০২০ টাকা।

(ঘ) ১২টি পেরটের মূল্য ১০২০ টাকা

১ " " " $\frac{১০২০}{১২}$ টাকা
 = ৮৫ টাকা

১টি কাপের মূল্য ১৪৫ টাকা

১টি পেরটের মূল্য ৮৫ টাকা

পার্থক্য ৬০ টাকা

উত্তর : ৬০ টাকা।

প্রশ্ন II ৩ II পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি ৬০ বছর। পিতার বয়স, পুত্রের বয়সের ৪ গুণ।

- (ক) পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি, পুত্রের বর্তমান বয়সের কতগুণ? ২
 (খ) পুত্রের বর্তমান বয়স কত? ২
 (গ) পিতার বর্তমান বয়স? ২
 (ঘ) ৬ বছর পর পিতার বয়স, পুত্রের বয়সের কতগুণ হবে? ২

৩ নং প্রশ্নের সমাধান

- (ক) মনে করি,
 পুত্রের বর্তমান বয়স ক বছর
 পিতার " " ৪ক বছর

পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি ৫ক বছর।

উত্তর : ৫ গুণ।

- (খ) ক অনুসারে,
 $৫ক = ৬০$

$$\text{বা, } ক = \frac{৬০}{৫}$$

$$\therefore ক = ১২$$

\therefore পুত্রের বর্তমান বয়স ১২ বছর।

উত্তর : ১২ বছর।

- (গ) পিতার বর্তমান বয়স পুত্রের বর্তমান বয়সের ৪ গুণ। পুত্রের বর্তমান বয়স ১২ বছর
 পিতার " " (১২ × ৪) বছর
 = ৪৮ বছর

উত্তর : ৪৮ বছর।

- (ঘ) ১খ থেকে পাই, পুত্রের বর্তমান বয়স ১২ বছর।

৬ বছর পর পুত্রের বয়স (১২ + ৬) বছর
 = ১৮ বছর।

গ থেকে পাই, পিতার বর্তমান বয়স ৪৮ বছর

৬ বছর পর " " " (৪৮ + ৬) বছর
 = ৫৪ বছর

৬ বছর পর পিতার বয়স পুত্রের বয়সের (৫৪ ÷ ১৮) গুণ
 = ৩ গুণ

উত্তর : ৩ গুণ।

প্রশ্ন ১৪ চারটি ঘণ্টা প্রথমে একত্রে বেজে প্রতি ৬, ৯, ১২ ও ১৫ মিনিট পর বাজতে লাগল।

- (ক) ৬, ৯, ১২ ও ১৫ এর গসাগু নির্ণয় কর। ২
 (খ) ৬, ৯ ও ১২ এর ল. সা. গু. নির্ণয় কর। ২
 (গ) নূন্যতম কতবর্ষ পর ঘণ্টাগুলো আবার একত্রে বাজবে? ২

৪ নং প্রশ্নের সমাধান

- (ক) ৬ এর গুণনীয়ক = ২ × ৩
 ৯ " " = ৩ × ৩
 ১২ " " = ২ × ২ × ৩
 ১৫ " " = ৩ × ৫
 ৬, ৯, ১২ ও ১৫ এর সাধারণ গুণনীয়ক ৩
 ∴ গসাগু ৩
 (খ) ৬ এর গুণিতক = ৬, ১২, ১৮, ২৪, ৩০, ৩৬, ৪২, ৪৮, ৫৪, ৬০, ৬৬, ৭২,
 ৯ এর গুণিতক = ৯, ১৮, ২৭, ৩৬, ৪৫, ৫৪, ৬৩, ৭২.....
 ১২ " " = ১২, ২৪, ৩৬, ৪৮, ৬০, ৭২,
 ৬, ৯ ও ১২ এর সাধারণ গুণিতক = ৩৬, ৭২ ইত্যাদি
 ∴ ৬, ৯ ও ১২ এর লসাগু = ৩৬
 (গ) ৬, ৯, ১২, ১৫ এর লসাগু এর সমান সংখ্যক মিনিট পর ঘণ্টাগুলো আবার একত্রে বাজবে।
 এখন,
 ৬ এর গুণিতক = ৬, ১২, ১৮, ২৪, ৩০, ৩৬, ৪২, ৪৮, ৫৪, ৬০, ৬৬, ৭২, ৭৮, ৮৪, ৯০, ৯৬, ১০২, ১০৮, ১১৪, ১২০, ১২৬, ১৩২, ১৩৮, ১৪৪, ১৫০, ১৫৬, ১৬২, ১৬৮, ১৭৪, ১৮০।
 ৯ এর গুণিতক = ৯, ১৮, ২৭, ৩৬, ৪৫, ৫৪, ৬৩, ৭২, ৮১, ৯০, ৯৯, ১১৭, ১২৬, ১৩৫, ১৪৪, ১৫৩, ১৬২, ১৭১, ১৮০
 ১২ এর গুণিতক = ১২, ২৪, ৩৬, ৪৮, ৬০, ৭২, ৮৪, ৯৬, ১০৮, ১২০, ১৩২, ১৪৪, ১৫৬, ১৬৮, ১৮০
 ১৫ এর গুণিতক = ১৫, ৩০, ৪৫, ৬০, ৭৫, ৯০, ১০৫, ১২০, ১৩৫, ১৫০, ১৬৫, ১৮০
 ৬, ৯, ১২ ও ১৫ এর সর্বপ্রথম সাধারণ গুণিতক ১৮০।
 ∴ ৬, ৯, ১২ ও ১৫ এর লঘিষ্ঠ সাধারণ গুণিতক বা লসাগু = ১৮০।

প্রশ্ন ১৫ রেদোয়ান সাহেব ৪০ টাকা কেজি দরে ১৫ কেজি চাল, ৫০৪ টাকায় ১২ কেজি চিনি কিনলেন। এছাড়াও ২ কেজি সয়াবিন তেল কিনে দোকানদারকে ১৫০০ টাকা দিলেন, দোকানদার তাকে ৯৬ টাকা ফেরত দিলেন।

- (ক) তিনি মোট কত টাকার জিনিস কিনলেন? ২
 (খ) ১৫ কেজি চালের দাম কত? ২
 (গ) ৪ কেজি সয়াবিন তেলের দাম কত? ৪

৫ নং প্রশ্নের সমাধান

- (ক) দোকানদারকে দিলেন ১৫০০ টাকা
 দোকানদার ফেরত দিলেন ৯৬ টাকা

জিনিস কিনলেন ১৪০৪ টাকা [বিয়োগ করে]

- উত্তর :** তিনি মোট ১৪০৪ টাকার জিনিস কিনলেন।
 (খ) ১ কেজি চালের দাম : ৪০ টাকা
 ১৫ কেজি চালের দাম : (৪০ × ১৫) টাকা = ৬০০ টাকা
উত্তর : ৬০০ টাকা।
 (গ) চাল ও চিনির মোট দাম : (৬০০ + ৫০৪) টাকা = ১১০৪ টাকা
 ২ কেজি সয়াবিন তেলের দাম : (১৪০৪ - ১১০৪) টাকা = ৩০০ টাকা।
 ১ কেজি সয়াবিন তেলের দাম : (৩০০ ÷ ২) টাকা = ১৫০ টাকা
 ৪ কেজি সয়াবিন তেলের দাম : (১৫০ × ৪) টাকা = ৬০০ টাকা
উত্তর : ৬০০ টাকা।

প্রশ্ন ১৬ একজন শ্রমিক সপ্তাহে ১৪০০ টাকা আয় করেন। এ তথ্য ব্যবহার করে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

- (ক) তিনি একদিনে কত টাকা আয় করেন? ২
 (খ) তিনি একমাসে (৩০ দিনে) কত টাকা আয় করবেন? ২
 (গ) তিনি এক বছরে (৩৬৫ দিনে) কত টাকা আয় করবেন? ২
 (ঘ) তিনি কত দিনে ৩০০০ টাকা আয় করবেন? ২

৬ নং প্রশ্নের সমাধান

- (ক) ১ সপ্তাহ = ৭ দিন
 ৭ দিনে আয় করেন : ১৪০০ টাকা
 ১ দিনে আয় করেন : (১৪০০ ÷ ৭) টাকা = ২০০ টাকা
উত্তর : তিনি একদিনে ২০০ টাকা আয় করেন।
 (খ) দেওয়া আছে, ১ মাস = ৩০ দিন
 ১ দিনে আয় করেন : ২০০ টাকা
 ৩০ দিনে আয় করেন : (২০০ × ৩০) টাকা = ৬০০০ টাকা
উত্তর : তিনি এক মাসে ৬০০০ টাকা আয় করবেন।
 (গ) দেওয়া আছে, ১ বছর = ৩৬৫ দিন
 ১ দিনে আয় করেন : ২০০ টাকা
 ৩৬৫ দিনে আয় করেন : (২০০ × ৩৬৫) টাকা = ৭৩০০০ টাকা।
উত্তর : তিনি এক বছরে আয় করবেন ৭৩০০০ টাকা।
 (ঘ) ২০০ টাকা আয় করেন : ১ দিনে
 ৩০০০ টাকা আয় করেন : (৩০০০ ÷ ২০০) দিনে = ১৫ দিনে
উত্তর : ১৫ দিনে তিনি ৩০০০ টাকা আয় করবেন।

- প্রশ্ন ১৭** সামাদ সাহেবের মাসিক বেতন ২৫০০০ টাকা। তিনি মাসে বাড়ি ভাড়া বাবদ ৮৫০০ টাকা এবং সংসার খরচ বাবদ ১১৫০০ টাকা ব্যয় করেন। বাকি টাকা ব্যাংকে জমা রাখেন।
 (ক) সামাদ সাহেবের বেতন বছরে কত টাকা? ২
 (খ) তিনি ২ মাসে মোট কত টাকা খরচ করেন? ২
 (গ) ৬ মাসে সংসার খরচ বাবদ তিনি কত টাকা খরচ করেন? ২

(ঘ) তিনি প্রতিমাসে ব্যাংকে কত টাকা জমা রাখেন? ২

৭ নং প্রশ্নের সমাধান

(ক) আমরা জানি, ১ বছর = ১২ মাস
 ১ মাসের বেতন : ২৫০০০ টাকা
 ১২ মাসের বেতন : (২৫০০০ × ১২) টাকা
 = ৩০০০০০ টাকা
 উত্তর: সামাদ সাহেবের বেতন বছরে ৩০০০০০ টাকা।

(খ) বাড়ি ভাড়া বাবদ : ৮৫০০ টাকা
 সংসার খরচ বাবদ : ১১৫০০ টাকা
 ১ মাসে খরচ : (৮৫০০ + ১১৫০০) টাকা = ২০০০০ টাকা
 ২ মাসে খরচ : (২০০০০ × ২) টাকা
 = ৪০০০০ টাকা

উত্তর: ৪০০০০ টাকা।

(গ) ১ মাসে সংসার খরচ : ১১৫০০ টাকা
 ৬ মাসে সংসার খরচ : (১১৫০০ × ৬) টাকা
 = ৬৯০০০ টাকা।

উত্তর : ৬৯০০০ টাকা।

(ঘ) মাসিক বেতন : ২৫০০০ টাকা
 মাসিক ব্যয় : ২০০০০ টাকা
 মাসিক জমা : (২৫০০০ - ২০০০০) টাকা = ৫০০০ টাকা
 উত্তর : তিনি প্রতিমাসে ব্যাংকে ৫০০০ টাকা জমা রাখেন।

প্রশ্ন-৮ : ৩০ জন শ্রমিক একটি কাজ ১৫ দিনে শেষ করতে পারবে। এরূপে—

- (ক) ৩০ জন শ্রমিক ১ দিনে কতটুকু কাজ করতে পারবে? ২
 (খ) ৩০ জন শ্রমিক ৫ দিনে কতটুকু কাজ করতে পারবে? ২
 (গ) ৩০ জন শ্রমিক ১০ দিনে কতটুকু কাজ করতে পারবে? ২
 (ঘ) ১ দিনে কাজটি শেষ করতে মোট কতজন শ্রমিক লাগবে? ২

৮ নং প্রশ্নের সমাধান

(ক) ৩০ জন শ্রমিক ১৫ দিনে করে ১টি কাজ
 ৩০ " " ১ " " কাজটির $\frac{১}{১৫}$ অংশ

উত্তর : $\frac{১}{১৫}$ অংশ।

(খ) ৩০ জন শ্রমিক ১ দিনে করে কাজটির $\frac{১}{১৫}$ অংশ
 ৩০ " " " ৫ " " " $\frac{১ \times ৫}{১৫}$ অংশ
 = $\frac{১}{৩}$ অংশ।

উত্তর : $\frac{১}{৩}$ অংশ।

(গ) ৩০ জন শ্রমিক ১ দিনে করে কাজটির $\frac{১}{১৫}$ অংশ

$$৩০ \text{ " " " " } ১০ \text{ " " " " } \frac{১ \times ১০}{১৫} \text{ অংশ}$$

$$= \frac{১০}{৩} \text{ অংশ}$$

উত্তর : $\frac{১০}{৩}$ অংশ।

(ঘ) ১৫ দিনে কাজটি শেষ করতে শ্রমিক লাগবে ৩০ জন
 ১ " " " " " " (৩০ × ১৫) জন
 = ৪৫০ জন

উত্তর : ৪৫০ জন।

প্রশ্ন ৯ ১ ২টি গরব ও ২টি খাসির মূল্য একত্রে ৭৫০০০ টাকা।
 একটি খাসির মূল্য ৭৫০০ টাকা।

- (ক) ৩টি খাসি কিনতে কামালের কত টাকা লাগবে? ২
 (খ) ১টি গরবর কিনতে কামালের কত টাকা লাগবে? ২
 (গ) ১টি গরব ও ১টি খাসির দামের পার্থক্য কত টাকা? ২
 (ঘ) ১টি গরবর দাম দিয়ে কামাল কয়টি খাসি কিনতে পারবে? ২

৯ নং প্রশ্নের সমাধান

(ক) ১টি খাসির মূল্য : ৭৫০০ টাকা
 \therefore ৩টি খাসির মূল্য : (৭৫০০ × ৩) টাকা = ২২৫০০ টাকা
 উত্তর : ২২৫০০ টাকা।

(খ) ১টি খাসির মূল্য : ৭৫০০ টাকা
 ২টি খাসির মূল্য : (৭৫০০ × ২) টাকা = ১৫০০০ টাকা
 ২টি গরবর মূল্য : (৭৫০০০ - ১৫০০০) টাকা = ৬০০০০ টাকা
 ১টি গরবর মূল্য : (৬০০০০ ÷ ২) টাকা = ৩০০০০ টাকা
 উত্তর : ৩০০০০ টাকা।

(গ) ১টি গরব ও ১টি খাসির দামের পার্থক্য (৩০০০০ - ৭৫০০) টাকা
 = ২২৫০০ টাকা

উত্তর : ২২৫০০ টাকা।

(ঘ) ১টি গরবর দাম : ৩০০০০ টাকা ["খ" থেকে]
 এবং ১টি খাসির দাম : ৭৫০০ টাকা
 ১টি গরবর দাম দিয়ে খাসি কিনতে পারবে : (৩০০০০ ÷ ৭৫০০)টি
 = ৪টি

উত্তর : ৪টি।

প্রশ্ন ১০ ১০ ১০০টি লিচুর দাম ২০০ টাকা হলে,

- (ক) ১টি লিচুর দাম কত? ২
 (খ) ২৫টি লিচুর দাম কত? ২
 (গ) ৭৫টি লিচুর দাম কত? ২
 (ঘ) ১০ টাকায় কয়টি লিচু কেনা যাবে? ২
 (ঙ) ৫০ টাকায় কয়টি লিচু কেনা যাবে? ২

১০ নং প্রশ্নের সমাধান

(ক) ১টি লিচুর দাম : (২০০ ÷ ১০০) টাকা = ২ টাকা
 (খ) ২৫টি লিচুর দাম : (২৫ × ২) টাকা = ৫০ টাকা
 (গ) ৭৫টি লিচুর দাম : (৭৫ × ২) টাকা = ১৫০ টাকা
 (ঘ) ১০ টাকায় লিচু কেনা যাবে : (১০ ÷ ২)টি = ৫টি

- (ঙ) ৫০ টাকায় লিচু কেনা যাবে : $(৫০ \div ২)$ টি = ২৫টি
- প্রশ্ন ১১ ৥ ফরিদা ও ফাতেমার বেতন একত্রে ২৯৯৫০ টাকা। ফাতেমার বেতন ফরিদা অপেক্ষা ২১৫০ টাকা বেশি।
- (ক) কার বেতন বেশি? ২
- (খ) মোট টাকা থেকে ২১৫০ টাকা বাদ দিলে কত থাকে? ২
- (গ) ফরিদা ও ফাতেমার বেতন কত? ২
- (ঘ) ফাতেমা প্রতি মাসে ১৪৭৩০ টাকা ব্যয় করেন। বাকি টাকা ব্যাংকে জমা রাখেন। বছরে তাঁর কত টাকা জমা হবে? ২

১১ নং প্রশ্নের সমাধান

- (ক) ফাতেমার বেতন বেশি।
- (খ) মোট টাকা থেকে ২১৫০ টাকা বাদ দিলে বাকি থাকে $(২৯৯৫০ - ২১৫০)$ টাকা
= ২৭৮০০ টাকা
উত্তর : ২৭৮০০ টাকা।
- (গ) এখন, ২৭৮০০ টাকায় দুই জনের টাকার পরিমাণ সমান হবে
∴ ফরিদার বেতন $(২৭৮০০ \div ২)$ টাকা
= ১৩৯০০ টাকা
এবং ফাতেমার বেতন = ফরিদার বেতন + ২১৫০ টাকা
= $(১৩৯০০ + ২১৫০)$ টাকা
= ১৬০৫০ টাকা

উত্তর : ফরিদার বেতন ১৩৯০০ টাকা, ফাতেমার বেতন ১৬০৫০ টাকা।

- (ঘ) ফাতেমার মাসিক বেতন ১৬০৫০ টাকা
ব্যাংকে জমা রাখেন $(১৬০৫০ - ১৪৭৩০)$ টাকা
= ১৩২০ টাকা
ফাতেমা ১ মাসে ব্যাংকে জমা রাখেন ১৩২০ টাকা
∴ " ১২ " " " " (১২×১৩২০) টাকা
= ১৫৮৪০ টাকা

উত্তর : ১৫৮৪০ টাকা।

প্রশ্ন ১২ ৥ পিতা ও কন্যার বয়সের সমষ্টি ৮০ বছর। পিতার বয়স কন্যার বয়সের ৪ গুণ।

- (ক) পিতা ও কন্যার বয়সের সমষ্টি কন্যার বয়সের কত গুণ? ২
- (খ) পিতার বয়স ৮০ বছর হলে, কন্যার বয়সের কত গুণ হবে? ২
- (গ) কন্যা ও পিতার বয়স কত? ২
- (ঘ) পিতা ও কন্যার বয়সের পার্থক্য কত? ২

১২ নং প্রশ্নের সমাধান

- (ক) কন্যার বয়স = কন্যার বয়সের ১ গুণ
পিতার বয়স = কন্যার বয়সের (+) ৪ গুণ
∴ পিতা ও কন্যার বয়সের সমষ্টি = কন্যার বয়সের ৫ গুণ
উত্তর : ৫ গুণ।
- (খ) যেহেতু পিতা ও কন্যার বয়সের সমষ্টি = ৮০ বছর
∴ পিতার বয়স ৮০ বছর হলে তা কন্যার বয়সের = ৫ গুণ
উত্তর : ৫ গুণ।
- (গ) কন্যার বয়সের ৫ গুণ = ৮০ বছর
∴ কন্যার বয়স = $৮০ \text{ বছর} \div ৫ = ১৬ \text{ বছর}$
পিতার বয়স কন্যার বয়সের ৪ গুণ
∴ পিতার বয়স = $১৬ \text{ বছর} \times ৪ = ৬৪ \text{ বছর}$

উত্তর : কন্যার বয়স ১৬ বছর; পিতার বয়স ৬৪ বছর।

- (ঘ) পিতার বয়স ৬৪ বছর
কন্যার বয়স (-) ১৬ বছর
বয়সের পার্থক্য ৪৮ বছর
উত্তর : ৪৮ বছর।
- প্রশ্ন ১৩ ৥ ১৪টি চেয়ার ও ৬টি টেবিলের মূল্য একত্রে ১৭৬৫০ টাকা। একটি টেবিলের মূল্য ১২৫০ টাকা।
- (ক) ৬টি টেবিলের মূল্য কত? ২
- (খ) ১৪টি চেয়ারের মূল্য কত? ২
- (গ) ১২৫০০ টাকায় কয়টি টেবিল কেনা যাবে? ২
- (ঘ) ২০টি চেয়ার ও ১০টি টেবিলের মোট মূল্য নির্ণয় কর। ২

১৩ নং প্রশ্নের সমাধান

- (ক) ১টি টেবিলের মূল্য ১২৫০ টাকা
∴ ৬ " " " (৬×১২৫০) টাকা
= ৭৫০০ টাকা
উত্তর : ৭৫০০ টাকা।
- (খ) ১৪টি চেয়ার ও ৬টি টেবিলের মূল্য ১৭৬৫০ টাকা
৬টি টেবিলের মূল্য ৭৫০০ টাকা
১৪টি চেয়ারের মূল্য ১০১৫০ টাকা
উত্তর : ১০১৫০ টাকা।
- (গ) ১২৫০ টাকায় পাওয়া যায় ১টি টেবিল
∴ ১২৫০০ " " " যাবে $(১২৫০০ \div ১২৫০)$ টি টেবিল
= ১০টি টেবিল

উত্তর : ১০টি।

- (ঘ) ১৪টি চেয়ারের মূল্য ১০১৫০ টাকা
∴ ১ " " " $(১০১৫০ \div ১৪)$ টাকা = ৭২৫ টাকা
∴ ২০ " " " (৭২৫×২০) টাকা
= ১৪৫০০ টাকা
‘গ’ থেকে, ১০টি টেবিলের মূল্য ১২৫০০ টাকা
∴ ২০টি চেয়ার ও ১০টি টেবিলের মোট মূল্য
 $(১৪৫০০ + ১২৫০০)$ টাকা = ২৭০০০ টাকা
উত্তর : ২৭০০০ টাকা।

প্রশ্ন ১৪ ৥ চারটি সংখ্যার যোগফল ৪৬৮৫২০। প্রথম দুইটি সংখ্যা ৭৩৫৮৪ ও ৬৪২০৯। তৃতীয় সংখ্যাটি প্রথম সংখ্যা অপেক্ষা ৯৪৮৫ কম।

- (ক) প্রথম দুইটি সংখ্যার যোগফল কত? ২
- (খ) সংখ্যা দুইটির যোগফল অপেক্ষা সংখ্যা চারটির যোগফল কত বড়? ২
- (গ) প্রথম তিনটি সংখ্যার যোগফল কত? ২
- (ঘ) চতুর্থ সংখ্যাটির সাথে কত যোগ করলে যোগফল ৯ লব হবে? ২

১৪ নং প্রশ্নের সমাধান

- (ক) প্রথম সংখ্যা ৭ ৩ ৫ ৮ ৪
দ্বিতীয় সংখ্যা ৬ ৪ ২ ০ ৯
যোগফল ১ ৩ ৭ ৭ ৯ ৩
উত্তর : ১৩৭৭৯৩।
- (খ) চারটি সংখ্যার যোগফল ৪ ৬ ৮ ৫ ২ ০
দুইটি সংখ্যার যোগফল ১ ৩ ৭ ৭ ৯ ৩
[বিয়োগ করে] ৩ ৩ ০ ৭ ২ ৭

∴ সংখ্যা চারটির যোগফল সংখ্যা দুইটির যোগফল অপেক্ষা
৩৩০৭২৭ বড়।
উত্তর : ৩৩০৭২৭।

(গ) প্রথম সংখ্যা ৭৩৫৮৪
(-) ৯৪৮৫

∴ তৃতীয় সংখ্যা ৬৪০৯৯

আবার, প্রথম সংখ্যা ৭৩৫৮৪
দ্বিতীয় সংখ্যা ৬৪২০৯
তৃতীয় সংখ্যা ৬৪০৯৯
তিনটি সংখ্যার যোগফল ২০১৮৯২

উত্তর : ২০১৮৯২।

(ঘ) চারটি সংখ্যার যোগফল ৪৬৮৫২০
তিনটি সংখ্যার যোগফল ২০১৮৯২

∴ চতুর্থ সংখ্যাটি ২৬৬৬২৮ [বিয়োগ করে]

৯ লব ৯০০০০০

চতুর্থ সংখ্যা ২৬৬৬২৮

যোগ করতে হবে ৬৩৩৩৭২ [বিয়োগ করে]

উত্তর : ৬৩৩৩৭২।

প্রশ্ন ১৫ ॥ একটি পুকুর খনন করতে ২০০ জন লোকের ২৫ দিন
লাগে। প্রতিজন লোকের মজুরি ২৫০ টাকা।

- (ক) পুকুরটি খনন করতে ১ জন লোকের কতদিন লাগবে? ২
(খ) ১ দিনে পুকুরটি খনন করতে কতজন লোক লাগবে? ২
(গ) পুকুরটি ২০দিনে খনন করতে চাইলে অতিরিক্ত কতজন লোক লাগবে? ২
(ঘ) ২০ দিনে পুকুরটি খনন করতে মোট কত টাকা খরচ হবে? ২

১৫ নং প্রশ্নের সমাধান

(ক) পুকুর খনন করতে ২০০ জন লোকের লাগে ২৫ দিন
∴ " " ১ " " " (২০০ × ২৫) দিন
= ৫০০০ দিন

উত্তর : ৫০০০ দিন।

(খ) ২৫ দিনে পুকুরটি খনন করতে লাগে ২০০ জন লোক
∴ ১ " " " " " (২০০ × ২৫) জন লোক
= ৫০০০ জন লোক

উত্তর : ৫০০০ জন।

(গ) খ' থেকে
১ দিনে পুকুরটি খনন করতে লাগে ৫০০০ জন লোক
∴ ২০ " " " " " (৫০০০ ÷ ২০) জন লোক
= ২৫০ জন লোক

∴ অতিরিক্ত লোক লাগে (২৫০ - ২০০) জন বা ৫০ জন

উত্তর : ৫০ জন।

(ঘ) ১ জন লোকের ১ দিনের মজুরি ২৫০ টাকা
∴ ১ " " ২০ " " (২৫০ × ২০) টাকা
∴ ২৫০ " " ২০ " " (২৫০ × ২০ × ২৫০) টাকা
= ১২৫০০০০ টাকা

উত্তর : ১২৫০০০০ টাকা।

প্রশ্ন ১৬ ॥ পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৯৬ বছর। পিতার
বয়স পুত্রের বয়সের ৩ গুণ।

- (ক) পিতা ও পুত্রের বয়সের সমষ্টি পুত্রের বয়সের কতগুণ? ২
(খ) পুত্রের বয়স কত? ২
(গ) পিতার বয়স কত? ২
(ঘ) ৫ বছর পর পিতা ও পুত্রের বয়সের সমষ্টি কত? ২

১৬ নং প্রশ্নের সমাধান

(ক) পিতার বয়স = পুত্রের বয়সের ৩ গুণ
পুত্রের বয়স = পুত্রের বয়সের ১ গুণ

পিতা ও পুত্রের বয়স = পুত্রের বয়সের ৪ গুণ
উত্তর : ৪ গুণ।

(খ) পুত্রের বয়সের ৪ গুণ = ৯৬ বছর

∴ পুত্রের বয়স = (৯৬ ÷ ৪) বছর = ২৪ বছর

উত্তর : ২৪ বছর।

(গ) পিতার বয়স = ৩ × পুত্রের বয়স
= ৩ × ২৪ বছর = ৭২ বছর

উত্তর : ৭২ বছর।

(ঘ) ৫ বছর পর পুত্রের বয়স হবে = (২৪ + ৫) বছর
= ২৯ বছর

৫ বছর পর পিতার বয়স হবে = (৭২ + ৫) বছর
= ৭৭ বছর

∴ ৫ বছর পর পিতা ও পুত্রের বয়সের সমষ্টি (৭৭ + ২৯) বছর
= ১০৬ বছর

উত্তর : ১০৬ বছর।

প্রশ্ন ১৭ ॥ একজন শ্রমিক মাসে ১০৫০০ টাকা আয় করেন এবং
সপ্তাহে ১২২৫ টাকা ব্যয় করেন। মাস শেষে অবশিষ্ট টাকা
ব্যাংকে জমা রাখেন।

- (ক) তিনি মাসে কত টাকা ব্যয় করেন? ২
(খ) এক বছরে তিনি কত টাকা আয় করেন? ২
(গ) এক বছরে তিনি কত টাকা ব্যয় করেন? ২
(ঘ) ৫ বছরে তিনি কত টাকা ব্যাংকে জমা রাখতে পারবেন? ২

১৭ নং প্রশ্নের সমাধান

(ক) এক সপ্তাহ বা ৭ দিনে ব্যয় করেন ১২২৫ টাকা

∴ ১ দিনে " " $\frac{১২২৫}{৭}$ টাকা

∴ ১ মাস বা ৩০ " " $\frac{১২২৫ \times ৩০}{৭}$ টাকা
= ৫২৫০ টাকা

উত্তর : ৫২৫০ টাকা।

(খ) আমরা জানি, ১ বছর = ১২ মাস

১ মাসে আয় করেন ১০৫০০ টাকা

∴ ১২ " " " (১০৫০০ × ১২) টাকা
= ১২৬০০০ টাকা

উত্তর : ১২৬০০০ টাকা

(গ) ১ মাসে ব্যয় করেন ৫২৫০ টাকা ['ক' থেকে]

∴ ১২ " " " (৫২৫০ × ১২) টাকা
= ৬৩০০০ টাকা

উত্তর : ৬৩০০০ টাকা।
 (ঘ) ১ বছরে আয় করেন ১২৬০০০ টাকা
 ১ বছরে ব্যয় করেন ৬৩০০০ টাকা
 ∴ ১ বছরে ব্যাংকে জমা রাখতে পারবেন ৬৩০০০ টাকা
 ∴ ৫ " " " " " (৬৩০০০ × ৫) টাকা
 = ৩১৫০০০ টাকা

উত্তর : ৩১৫০০০ টাকা

প্রশ্ন ১৮ ২০ জন লোক একটি কাজ ১৫ দিনে করতে পারে।

- (ক) ১ জন লোকের ঐ কাজটি করতে কত দিন সময় লাগবে? ২
 (খ) ৫ জন লোকের ঐ কাজ করতে কত দিন সময় লাগবে? ২
 (গ) ১০ দিনে ঐ কাজ শেষ করতে কত জন লোক লাগবে? ২
 (ঘ) ১০ দিনে শেষ করতে অতিরিক্ত কতজন লোক লাগবে? ২

১৮ নং প্রশ্নের সমাধান

(ক) ২০ জন লোক একটি কাজ করে ১৫ দিনে
 ∴ ১ জন লোক ঐ কাজটি করে (২০ × ১৫) দিনে
 = ৩০০ দিনে

উত্তর : ৩০০ দিন।

(খ) 'ক' থেকে,
 ১ জন লোকে কাজটি করতে পারে ৩০০ দিনে
 ∴ ৫ জন লোকে ঐ কাজটি করতে পারে (৩০০ ÷ ৫) দিনে
 = ৬০ দিনে

উত্তর : ৬০ দিন।

(গ) ১৫ দিনে একটি কাজ করতে লোক লাগে ২০ জন
 ∴ ১ " " " " " " (১৫ × ২০) জন
 = ৩০০ জন
 ∴ ১০ দিনে ঐ কাজটি শেষ করতে লাগে (৩০০ ÷ ১০) জন
 = ৩০ জন

উত্তর : ৩০ জন।

(ঘ) 'গ' থেকে পাই,
 ১০ দিনে কাজটি শেষ করতে ৩০ জন লোক লাগবে।
 লোক আছে ২০ জন।

অতিরিক্ত লোক লাগবে (৩০ - ২০) জন = ১০ জন

উত্তর : ১০ জন।

প্রশ্ন ১৯ ১২টি খাতা ও ৬টি কলমের মূল্য একত্রে ৬৩০ টাকা এবং ১টি কলমের মূল্য ২৫ টাকা।

- (ক) ৩টি কলমের মূল্য কত? ২
 (খ) ৬টি কলমের মূল্য কত? ২
 (গ) ১২টি খাতার মূল্য কত? ২
 (ঘ) ১টি খাতা ও ১টি কলমের মূল্যের পার্থক্য কত? ২

১৯ নং প্রশ্নের সমাধান

(ক) ১টি কলমের মূল্য ২৫ টাকা
 ∴ ৩টি কলমের মূল্য (২৫ × ৩) টাকা = ৭৫ টাকা

উত্তর : ৭৫ টাকা।

(খ) ১টি কলমের মূল্য ২৫ টাকা
 ৬টি " " (২৫ × ৬) টাকা = ১৫০ টাকা

উত্তর : ১৫০ টাকা।

(গ) ১২টি খাতা ও ৬টি কলমের একত্রে মূল্য ৬৩০ টাকা
 ৬টি কলমের মূল্য ১৫০ টাকা
 ∴ ১২টি খাতার মূল্য ৪৮০ টাকা

উত্তর : ৪৮০ টাকা।

(ঘ) 'গ' থেকে, ১২টি খাতার মূল্য ৪৮০ টাকা
 ∴ ১ " " " (৪৮০ ÷ ১২) টাকা = ৪০ টাকা
 আবার, ১টি খাতার মূল্য ৪০ টাকা
 ১টি কলমের মূল্য ২৫ টাকা
 মূল্যের পার্থক্য ১৫ টাকা

উত্তর : ১৫ টাকা।

প্রশ্ন ২০ আলতাফ সাহেবের মাসিক বেতন ৯৮৭০ টাকা।

তিনি প্রতি মাসে বাড়িভাড়া বাবদ ৩৮০০ টাকা ও সংসার খরচ বাবদ ৫৬৫০ টাকা ব্যয় করেন। অবশিষ্ট টাকা তিনি একটি ব্যাংকে জমা রাখেন।

- (ক) প্রতি মাসে বাড়িভাড়া ও সংসার খরচ বাবদ মোট ব্যয় কত? ২
 (খ) প্রতি মাসে ব্যাংকে কত টাকা জমা রাখেন? ২
 (গ) বছরে কত টাকা ব্যাংকে জমা রাখেন? ২
 (ঘ) অর্ধ বছরে তার বাড়িভাড়া ও সংসার খরচ বাবদ মোট কত খরচ হয়? ২

২০ নং প্রশ্নের সমাধান

(ক) প্রতি মাসে,
 বাড়িভাড়া : ৩৮০০ টাকা
 সংসার খরচ : ৫৬৫০ টাকা
 মোট ব্যয় : ৯৪৫০ টাকা

উত্তর : ৯৪৫০ টাকা।

(খ) মাসিক বেতন : ৯৮৭০ টাকা
 মোট ব্যয় : ৯৪৫০ টাকা
 অবশিষ্ট থাকে : ৪২০ টাকা

উত্তর : প্রতি মাসে ব্যাংকে ৪২০ টাকা জমা রাখেন।

(গ) ১ বছর = ১২ মাস
 ১ মাসে জমা : ৪২০ টাকা
 ১২ মাসে জমা : (৪২০ × ১২) টাকা বা ৫০৪০ টাকা

উত্তর : বছরে ৫০৪০ টাকা ব্যাংকে জমা রাখেন।

(ঘ) ১ বছর = ১২ মাস
 অর্ধ বছর = (১২ ÷ ২) মাস বা ৬ মাস
 ১ মাসে বাড়িভাড়া ও সংসার খরচ : ৯৪৫০ টাকা
 ৬ মাসে বাড়িভাড়া ও সংসার খরচ : (৯৪৫০ × ৬) টাকা
 = ৫৬৭০০ টাকা

উত্তর : ৫৬৭০০ টাকা।

প্রশ্ন ২১ ২টি গরব ও ৩টি খাসির মূল্য একত্রে ৪৫০৮০ টাকা। একটি খাসির মূল্য ৪৫৬০ টাকা।

- (ক) ২টি গরবের মূল্য কত? ২
 (খ) ১টি খাসি অপেক্ষা ১টি গরবের মূল্য বেশি কত টাকা? ২
 (গ) ২টি খাসি ও ৩টি গরবের মূল্য একত্রে কত টাকা? ২
 (ঘ) ৬টি খাসির মূল্য ৩টি গরবের মূল্য অপেক্ষা কত টাকা কম অথবা বেশি? ২

২১ নং প্রশ্নের সমাধান

- (ক) ১টি খাসির মূল্য ৪৫৬০ টাকা
৩টি খাসির মূল্য (৪৫৬০ × ৩) টাকা বা ১৩৬৮০ টাকা
২টি গরব ও ৩টি খাসির মূল্য ৪৫০৮০ টাকা
— (–) ৩টি খাসির মূল্য ১৩৬৮০ টাকা
২টি গরবের মূল্য ৩১৪০০ টাকা
উত্তর : ৩১,৪০০ টাকা।
- (খ) ২টি গরবের মূল্য ৩১,৪০০ টাকা
∴ ১টি গরবের মূল্য (৩১,৪০০ ÷ ২) টাকা বা ১৫,৭০০ টাকা
১টি গরবের মূল্য ১৫,৭০০ টাকা
— (–) ১টি খাসির মূল্য ৪,৫৬০ টাকা
১টি খাসি অপেবা ১টি গরবের মূল্য ১১,১৪০ টাকা বেশি
উত্তর : ১১,১৪০ টাকা।
- (গ) ১টি খাসির মূল্য ৪৫৬০ টাকা
∴ ২টি খাসির মূল্য (৪৫৬০ × ২) টাকা বা ৯১২০ টাকা
১টি গরবের মূল্য ১৫,৭০০ টাকা [‘খ’ থেকে]
∴ ৩টি গরবের মূল্য (১৫,৭০০ × ৩) টাকা বা ৪৭,১০০ টাকা
২টি খাসি ও ৩টি গরবের মূল্য একত্রে (৯১২০ + ৪৭১০০) টাকা
= ৫৬,২২০ টাকা

উত্তর : ৫৬,২২০ টাকা।

- (ঘ) একটি খাসির মূল্য ৪৫৬০ টাকা
∴ ৬টি খাসির মূল্য (৪৫৬০ × ৬) টাকা বা ২৭৩৬০ টাকা
৩টি গরবের মূল্য ৪৭,১০০ টাকা [‘গ’ থেকে]
∴ ৬টি খাসির মূল্য ৩টি গরবের মূল্য অপেবা
(৪৭১০০ – ২৭৩৬০) টাকা কম বা ১৯,৭৪০ টাকা কম
উত্তর : ১৯,৭৪০ টাকা কম।

প্রশ্ন ২২ ৥ একজন শ্রমিক সপ্তাহে ১৫৭৫ টাকা আয় করেন এবং ৬৩০ টাকা ব্যয় করেন।

- (ক) ১ দিনে তিনি কত টাকা আয় করেন? ২
(খ) তার মাসিক আয় কত? ২
(গ) তার মাসিক ব্যয় কত? ২
(ঘ) তিনি ৫ মাসে কত টাকা সঞ্চয় করতে পারবেন? ২

২২ নং প্রশ্নের সমাধান

- (ক) ৭ দিনে আয় করেন = ১৫৭৫ টাকা
১ দিনে আয় করেন = ১৫৭৫ ÷ ৭ টাকা = ২২৫ টাকা
উত্তর : ২২৫ টাকা।
- (খ) ১ দিনে আয় করেন = ২২৫ টাকা
∴ ৩০ দিনে আয় করেন = ২২৫ × ৩০ টাকা
= ৬৭৫০ টাকা
উত্তর : ৬৭৫০ টাকা।
- (গ) ৭ দিনে ব্যয় করেন = ৬৩০ টাকা
∴ ১ দিনে ব্যয় করেন = $\frac{৬৩০}{৭}$ টাকা = ৯০ টাকা
∴ ৩০ দিনে ব্যয় করেন = (৯০ × ৩০) টাকা
= ২৭০০ টাকা

উত্তর : ২৭০০ টাকা।

- (ঘ) তার মাসিক সঞ্চয় = মাসিক আয় – মাসিক ব্যয়
= (৬৭৫০ – ২৭০০) টাকা
= ৪০৫০ টাকা
১ মাসে সঞ্চয় করেন ৪০৫০ টাকা
∴ ৫ ” ” ” (৪০৫০ × ৫) = ২০২৫০ টাকা।
উত্তর : ২০২৫০ টাকা।

প্রশ্ন ২৩ ৥ ৬টি চেয়ার ও ৪টি টেবিলের মূল্য একত্রে ৯৫৭০ টাকা। একটি চেয়ারের মূল্য ৬৭৫ টাকা।

- (ক) ৬টি চেয়ারের মূল্য কত? ২
(খ) ৪টি টেবিলের মূল্য কত? ২
(গ) ১টি টেবিলের মূল্য কত? ২
(ঘ) ১টি চেয়ার ও ১টি টেবিলের মূল্য একত্রে কত টাকা? ২

২৩ নং প্রশ্নের সমাধান

- (ক) ১টি চেয়ারের মূল্য ৬৭৫ টাকা
∴ ৬টি চেয়ারের মূল্য (৬৭৫ × ৬) টাকা = ৪০৫০ টাকা
উত্তর : ৪০৫০ টাকা।

- (খ) ৬টি চেয়ার ও ৪টি টেবিলের মূল্য একত্রে ৯৫৭০ টাকা
৬টি চেয়ারের মূল্য (–) ৪০৫০ টাকা
∴ ৪টি টেবিলের মূল্য = ৫৫২০ টাকা

উত্তর : ৫৫২০ টাকা।

- (গ) ৪টি টেবিলের মূল্য ৫৫২০ টাকা
∴ ১টি টেবিলের মূল্য = (৫৫২০ ÷ ৪) টাকা = ১৩৮০ টাকা
উত্তর : ১৩৮০ টাকা।

- (ঘ) ১টি চেয়ারের মূল্য ৬৭৫ টাকা
১টি টেবিলের মূল্য (+) ১৩৮০ টাকা
একত্রে মূল্য ২০৫৫ টাকা
উত্তর : ২০৫৫ টাকা।

প্রশ্ন ২৪ ৥ মিনা ও রিনার একত্রে ১২০০৮ টাকা আছে। মিনার নিকট রিনা অপেবা ৩০০৮ টাকা বেশি আছে।

- (ক) মোট টাকা থেকে ৩০০৮ টাকা বাদ দিলে কত থাকে? ২
(খ) রিনা ও মিনার টাকার পরিমাণ কত? ২
(গ) রিনা ১৩০০ টাকা ব্যাংকে রাখলে তার কাছে কত টাকা রইল? ২
(ঘ) মিনা ৬১৩৯ টাকা মাকে দিলে তার হাতে কত টাকা অবশিষ্ট রইল? ২

২৪ নং প্রশ্নের সমাধান

- (ক) মোট টাকা থেকে ৩০০৮ টাকা বাদ দিলে থাকে=
(১২০০৮ – ৩০০৮) টাকা = ৯০০০ টাকা
উত্তর : ৯০০০ টাকা।

- (খ) রিনার টাকার পরিমাণ = (৯০০০ ÷ ২) টাকা
= ৪৫০০ টাকা
মিনার টাকার পরিমাণ = (৪৫০০ + ৩০০৮) টাকা
= ৭৫০৮ টাকা

উত্তর : ৭৫০৮ টাকা

- (গ) রিনা ১৩০০ টাকা ব্যাংকে রাখার পর তার অবশিষ্ট টাকার পরিমাণ = (৭৫০৮ – ১৩০০) টাকা = ৬২০৮ টাকা

উত্তর : ৩২০০ টাকা।

(ঘ) মিনা ৬১৩৯ টাকা মাকে দেয়ার পর অবশিষ্ট টাকার পরিমাণ
= (৭৫০৮ - ৬১৩৯) = ১৩৬৯ টাকা

উত্তর : ১৩৬৯ টাকা।

প্রশ্ন ২৫ ॥ আকবর সাহেবের মাসিক বেতন ৮৭৬৫ টাকা। তিনি প্রতি মাসে সংসার খরচ বাবদ ৪৮৫০ টাকা খরচ করেন এবং প্রতি বছর ৩৮,৭০০ টাকা বাড়ি ভাড়া দেন।

- (ক) সংসার খরচের পর প্রতি মাসে তার নিকট কত টাকা থাকে? ২
(খ) তিনি প্রতি মাসে কত টাকা বাড়িভাড়া দেন? ২
(গ) প্রতি মাসে তার নিকট কত টাকা থাকে? ২
(ঘ) ১০ বছরে তার কত টাকা সঞ্চয় হয়? ২

২৫ নং প্রশ্নের সমাধান

(ক) আকবর সাহেবের মাসিক বেতন ৮৭৬৫ টাকা
প্রতি মাসে সংসার খরচ ৪৮৫০ টাকা

∴ সংসার খরচের পর তার নিকট থাকে ৩৯১৫ টাকা

উত্তর : ৩৯১৫ টাকা।

(খ) আমরা জানি, ১ বছর = ১২ মাস

তিনি ১ বছরে বাড়িভাড়া দেন ৩৮৭০০ টাকা

তিনি প্রতি মাসে বাড়িভাড়া দেন (৩৮৭০০ ÷ ১২) টাকা
= ৩২২৫ টাকা

উত্তর : ৩২২৫ টাকা।

(গ) 'খ' থেকে পাই, তিনি প্রতি মাসে বাড়িভাড়া দেন ৩২২৫ টাকা

∴ তিনি সংসার খরচ ও বাড়িভাড়া বাবদ প্রতি মাসে খরচ করেন
= (৪৮৫০ + ৩২২৫) টাকা = ৮০৭৫ টাকা

∴ প্রতি মাসে তার নিকট থাকে = (৮৭৬৫ - ৮০৭৫) টাকা
= ৬৯০ টাকা

উত্তর : ৬৯০ টাকা।

(ঘ) ১ মাসে সঞ্চয় হয় ৬৯০ টাকা

১২ মাসে সঞ্চয় হয় (৬৯০ × ১২) টাকা
= ৮২৮০ টাকা

১ বছরে তার জমা হয় ৮২৮০ টাকা

১০ বছরে তার জমা হয় (৮২৮০ × ১০) টাকা
= ৮২৮০০ টাকা

উত্তর : ৮২৮০০ টাকা।

প্রশ্ন ২৬ ॥ একটি হোস্টেলে ১৬ জন ছাত্রীর ২৫ দিনের খাদ্য আছে। কয়েকজন নতুন ছাত্রী আসায় ২০ দিনে খাদ্য শেষ হয়ে গেল।

- (ক) ১ জন ছাত্রীর ঐ খাদ্য কতদিন চলবে? ২
(খ) ১০ জন ছাত্রীর ঐ খাদ্যে কতদিন চলবে? ২
(গ) ঐ হোস্টেলে নতুন ছাত্রীর সংখ্যা কত? ২
(ঘ) যদি একজন ছাত্রীর দৈনিক ১৫০ টাকার খাবার লাগে তাহলে নতুন ছাত্রীদের দৈনিক মোট খাবার খরচ কত? ২

২৬ নং প্রশ্নের সমাধান

(ক) ১৬ জন ছাত্রীর খাবার আছে ২৫ দিনের

∴ ১ " " " " (১৬ × ২৫) দিনের
= ৪০০ দিনের

উত্তর : ৪০০ দিন।

(খ) 'ক' হতে,
১ জন ছাত্রীর ঐ খাদ্যে চলে ৪০০ দিন
১০ " " " (৪০০ ÷ ১০) দিন
= ৪০ দিন

উত্তর : ৪০ দিন।

(গ) ২৫ দিনের খাদ্য আছে ১৬ জন ছাত্রীর

১ " " " (২৫ × ১৬) জন ছাত্রী
= ৪০০ জন ছাত্রীর

২০ " " " (৪০০ ÷ ২০) জন ছাত্রীর
= ২০ জন ছাত্রীর

নতুন ছাত্রী সংখ্যা (২০ - ১৬) জন বা ৪ জন

উত্তর : ৪ জন।

(ঘ) 'গ' থেকে,

হোস্টেলে নতুন ছাত্রীসংখ্যা ৪ জন।

১ জন ছাত্রীর দৈনিক খাবার লাগে ১৫০ টাকার

৪ জন ছাত্রীর দৈনিক খাবার লাগে (১৫০ × ৪) টাকার
= ৬০০ টাকার

উত্তর : ৬০০ টাকা।

প্রশ্ন ২৭ ॥ ৬ ডজন খাতার দাম ১৫৮৪ টাকা এবং ৩ ডজন কলমের দাম ১৮০ টাকা।

- (ক) ২ ডজন খাতার দাম কত? ২
(খ) ১টি খাতার দাম কত? ২
(গ) ১টি কলমের দাম কত? ২
(ঘ) ১টি খাতা ও ২টি কলমের দাম একত্রে কত? ২

২৭ নং প্রশ্নের সমাধান

(ক) ৬ ডজন খাতার দাম ১৫৮৪ টাকা

১ " " " (১৫৮৪ ÷ ৬) টাকা = ২৬৪ টাকা

২ " " " (২৬৪ × ২) টাকা = ৫২৮ টাকা

উত্তর : ৫২৮ টাকা।

(খ) আমরা জানি, ১ ডজন = ১২টি

২ " = (১২ × ২) টি
= ২৪টি

২৪টি খাতার দাম ৫২৮ টাকা

১ " " " (৫২৮ ÷ ২৪) টাকা = ২২ টাকা

উত্তর : ২২ টাকা।

(গ) ৩ ডজন = (১২ × ৩) টি = ৩৬টি

৩৬টি কলমের দাম ১৮০ টাকা

∴ ১ " " " (১৮০ ÷ ৩৬) টাকা = ৫ টাকা

উত্তর : ৫ টাকা।

(ঘ) ১টি খাতার দাম ২২ টাকা ['খ' থেকে]

১টি কলমের দাম ৫ টাকা ['গ' থেকে]

∴ ২টি " " (৫ × ২) "
= ১০ টাকা

∴ ১টি খাতা ও ২টি কলমের দাম একত্রে (২২ + ১০) টাকা
= ৩২ টাকা

উত্তর : ৩২ টাকা।

প্রশ্ন ২৮ ৥ কোনো ভাগ অঙ্কে ভাজক ভাগশেষের ১২ গুণ, ভাজ্য ৯৮৯৬ এবং ভাগশেষ ৮।

- (ক) ভাজক কত? ২
 (খ) ভাজক ও ভাগশেষের যোগফল কত? ২
 (গ) ভাগফল কত? ২
 (ঘ) ভাজক ৮ হলে ভাগশেষ কত হবে? ২

২৮ নং প্রশ্নের সমাধান

(ক) ভাজক = $১২ \times$ ভাগশেষ
 $= (১২ \times ৮) = ৯৬$

∴ ভাজক ৯৬

উত্তর : ৯৬।

(খ) ভাজক ও ভাগশেষের যোগফল = $৯৬ + ৮ = ১০৪$

উত্তর : ১০৪।

(গ) ভাগফল = $(ভাজ্য - ভাগশেষ) \div$ ভাজক

$$= (৯৮৯৬ - ৮) \div ৯৬$$

$$= ৯৮৮৮ \div ৯৬ = ১০৩$$

উত্তর : ১০৩।

$$\begin{array}{r} ১২৩৭ \\ \hline \end{array}$$

(ঘ) ৮) ৯৮৯৬

$$\begin{array}{r} ৮ \\ \hline \end{array}$$

$$১৮$$

$$\begin{array}{r} ১৬ \\ \hline \end{array}$$

$$২৯$$

$$\begin{array}{r} ২৪ \\ \hline \end{array}$$

$$৫৬$$

$$\begin{array}{r} ৫৬ \\ \hline \end{array}$$

$$০$$

∴ ভাজক ৮ হলে ভাগশেষ ০ হবে।

উত্তর : ০